



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট  
আইসিটি শাখা  
www.sylhet.gov.bd



জরুরি  
অতি গোপনীয়  
তারিখ: ৭ কার্তিক ১৪২৭  
২৩ অক্টোবর ২০২০

নম্বর ০৫.৪৬.৯১০০.০২৪.২৫.০০১.২০.১৭৩

### বিজ্ঞপ্তি

বিষয়: সিলেট জেলার ব্রান্ডবুকের জন্য জেলার পর্যটন সংশ্লিষ্ট স্থান, পণ্য ও বস্তুর ছবি আহবান

একটি জেলার সংস্কৃতি, ঐতিহ্য ও গৌরবকে দেশের সীমানা পেরিয়ে বিশ্বের মানুষের কাছে পরিচিত করে তোলার উদ্যোগ হচ্ছে 'জেলা ব্রান্ডিং'। জেলার অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গতি আনয়নসহ জেলার ভাবমূর্তি বিনির্মাণ, পর্যটন শিল্পের বিকাশ, জেলার ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির লালন এবং স্থানীয় উদ্যোক্তা তৈরিতে জেলা ব্রান্ডিং বিশেষ ভূমিকা পালন করে।

সিলেট জেলার ব্রান্ডিং হচ্ছে 'পর্যটন' যা 'প্রকৃতি কন্যা সিলেট' বা 'The Daughter of Nature' হিসেবে বহুল প্রচারিত হচ্ছে। আর এই বহুল প্রচারণার একটি প্রয়াস হচ্ছে 'জেলা ব্রান্ড বুক'। সিলেট জেলার ব্রান্ড বুক জেলার দর্শনীয়, ঐতিহ্যবাহী, ধর্মীয় ও পবিত্র স্থান ও স্থাপনা এবং ঐতিহ্যবাহী পণ্য ও বস্তু সম্পর্কিত তথ্য ও ছবি রয়েছে। এই ব্রান্ড বুককে হালনাগাদ করে আরও সমৃদ্ধ করার লক্ষ্যে জেলা প্রশাসন সিলেট কর্তৃক ব্রান্ডবুক পুনর্মুদ্রণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নতুনরূপে ব্রান্ডবুককে সুসজ্জিত ও মাধুর্যমন্ডিত করার উদ্দেশ্যে জনসাধারণের নিকট হতে মানসম্পন্ন ছবি আহবান করা যাচ্ছে। ছবি প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে।

- স্থান/ পণ্য/ বস্তুর নামে ছবির ফাইলের নাম সংরক্ষণ করতে হবে।
- ই-মেইলের Subject হবে 'জেলা ব্রান্ডিং' অথবা 'District Branding'।
- ই-মেইলের Main Body-তে প্রেরকের নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর থাকতে হবে।
- যে ছবি/ছবিগুলো প্রেরণ করা হবে তা Google Drive-এ আপলোড করতে হবে। উক্ত Drive-এর লিংক শেয়ার করার সময় acictsylhet@gmail.com ই-মেইল অ্যাড্রেসে Access প্রদান করতে হবে এবং পরবর্তীতে ই-মেইল করতে হবে।
- ছবি ই-মেইলে প্রেরণ করার পাশাপাশি পেনড্রাইভ/CD-তে কপি করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট-এর আইসিটি শাখায় (মোবাইল নম্বর: ০১৭৭৮৬৭০৪২১) প্রদান করা যাবে অথবা ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করা যাবে।

### ছবির গুণাগুণ সংক্রান্ত শর্তাবলী:

- মানসম্পন্ন ক্যামেরায় তোলা ছবি প্রেরণ করতে হবে।
- কেবল নিজের তোলা ছবি প্রেরণ করা যাবে।
- ছবি সুস্পষ্ট হতে হবে।
- ড্রোন থেকে তোলা ছবি গ্রহণযোগ্য হবে।
- ফটোগ্রাফার কর্তৃক Edited ছবি JPEG/ JPG ফরম্যাট-এর হতে হবে যা ন্যূনতম ৩০০০ পিক্সেল প্রশস্ত হতে হবে। ছবির রেজুলেশন ন্যূনতম ৩০০ DPI হতে হবে।
- ছবির Edited কপির পাশাপাশি Raw Format-এর কপি অবশ্যই প্রেরণ করতে হবে। অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না।

- ছবিতে ফটোগ্রাফার/স্বত্বাধিকারীর নাম অথবা কোন প্রকার জলছাপ (Water Mark) থাকা যাবে না।
- বিতর্কিত কোন বিষয়কে কেন্দ্র করে ছবি পাঠানো যাবে না।

### ছবির বিষয়সমূহ:

- জেলার দর্শনীয় স্থান ও স্থাপনা তথা পর্যটন স্পটসমূহ
- জেলার ঐতিহ্যবাহী স্থান ও স্থাপনা
- জেলার পবিত্র স্থান ও স্থাপনা
- জেলার ঐতিহ্যবাহী পণ্য (বেতশিল্প, শীতলপাটি, ফল-ফলাদি ইত্যাদি) ও বস্তু
- জেলার সাংস্কৃতিক ঐতিহ্য (নাচ, গান, উৎসব ইত্যাদি)

### বিশেষ দৃষ্টব্য

প্রেরিত ছবিসমূহ থেকে কিছু ছবি জেলা ব্রান্ডবুকের জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত ছবির ফটোগ্রাফারকে জেলা প্রশাসন সিলেট কর্তৃক পুরস্কৃত করা হবে এবং বিশেষ সম্মাননা সনদ প্রদান করা হবে। সকল ছবি ব্রান্ডবুকে ব্যবহার ব্যতিরেকে অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হবে না। ব্রান্ডবুক মুদ্রণ শেষে নির্বাচিত ছবিসমূহের ফটোগ্রাফারদেরকে সৌজন্য কপি প্রদান করা হবে। যে কোন সিদ্ধান্ত গ্রহণে জেলা প্রশাসন সিলেট-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



২৬-১০-২০২০

আ.ন.ম বদরুদ্দোজা

অতিরিক্ত জেলা প্রশাসক

ফোন: ০৮২১-৭২২৭১৬

ইমেইল:

adceductsy|het@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সিলেট জেলা
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট (উপজেলা পর্যায়ে বহুল প্রচারের জন্য এবং ইউডিসি উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
- ৩) উপ-পরিচালক, জেলা তথ্য অফিসারের কার্যালয়, জেলা তথ্য অফিস, সিলেট (বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট (শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
- ৫) সভাপতি, সিলেট প্রেসক্লাব
- ৬) সভাপতি, জেলা প্রেসক্লাব, সিলেট
- ৭) সভাপতি, ইমজা, সিলেট
- ৮) সভাপতি, অনলাইন প্রেসক্লাব, সিলেট
- ৯) সভাপতি/সাধারণ সম্পাদক, ফটো জার্নালিস্ট এসোসিয়েশন, সিলেট